ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল (অনার্স)-প্রা.পা/২০১৭/১৫৫৫৫ তারিখঃ ৩০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

৪ (চার) বছর মেয়াদী ফাজিল (অনার্স) আরবি ভাষা ও সাহিত্য এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রাথমিক পাঠদান অনুমতির নিমিত্ত জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা (JAMEA AHMADIA SUNNIA KAMIL MADRASAH, EIIN: 104702), ষোলশহর, চট্টগ্রাম -এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩(গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন ও ৩য় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩(ঙ) মোতাবেক নিম্নোক্ত শর্তে ১৪.০১.২০২৬ খ্রিষ্টাব্দ থেকে ১৩.০১.২০২৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ৪ (চার) বছর মেয়াদী ফাজিল (অনার্স) আরবি ভাষা ও সাহিত্য এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল :

শর্তসমূহ:

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ৪ (চার) বছর মেয়াদী ফাজিল (অনার্স) আরবি ভাষা ও সাহিত্য এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় এর কার্যক্রম চালু হবে।
২. উল্লেখিত দুটি বিষয়ের জন্য আলাদাভাবে ৪ টি শ্রেণিকক্ষ ও সেমিনার রুমের ব্যবস্থা করতে হবে।
৩. ফাজিল অনার্স সেমিনার কক্ষের জন্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং আরবি ভাষা ও সাহিত্য বিষয়ক সিলেবাস সংশ্লিষ্ট মূল বই ও রেফারেন্স বই ক্রয় করতে হবে (নূন্যতম ১০০+১০০=২০০ বই)।
৪. অনার্সের পাঠদানকরী শিক্ষকদের ইন হাউজ ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. ফাজিল অনার্সের ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সংশ্লিষ্ট সেমিনার কক্ষে তাদের নিয়মিত অধ্যয়ন ও গবেষণা কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে।
৬. আরবি ভাষায় দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করতে হবে।
৭. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৪/০১/২০২৬
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা
ষোলশহর, চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল (অনার্স)-প্রা.পা/২০১৭/১৫৫৫৫ তারিখঃ ৩০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা, ষোলশহর, চট্টগ্রাম।
৭। অফিস নথি।

১৪/০১/২০২৬
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়